

গতানুগতিক শিক্ষায় প্রত্যাশিত অগ্রগতি অসম্ভব : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, গতানুগতিক শিক্ষার মাধ্যমে দেশের প্রত্যাশিত অগ্রগতি সম্ভব নয়। বর্তমান সরকারের লক্ষ্য অনুযায়ী ডিশন-২০২১ অর্জন করতে হলে ছাত্রছাত্রীদের যুগের সঙ্গে সংগতিপূর্ণ শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে হবে। বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করতে হবে। আর এ জন্য শিক্ষকদেরই নিবেদিতপ্রাণে দায়িত্ব পালন করতে হবে।

জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল সোমনবার জাতীয় প্রেসক্রাবে স্বাধীনতা শিক্ষক পরিষদ আয়োজিত 'বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে শিক্ষকদের ভূমিকা' শীর্ষক আলোচনায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বঙ্গবন্ধুর সঙ্গে তাঁর স্মৃতিচারণা করে বলেন, মানুষের প্রতি

অগাধ বিশ্বাস ছিল এ মহান নেতার। দলমত নির্বিশেষে সবাইকে গভীরভাবে ভালোবাসতেন তিনি। মানুষকে কাছে টানার এক বিরল সম্মোহনী শক্তি ছিল তাঁর। যারা বঙ্গবন্ধুকে হত্যা করেছে, তারা কেবল একজন মহান নেতাকেই হত্যা করেনি, তারা একটি আদর্শকে হত্যা করতে চেয়েছে। একটি দেশের ইতিহাসকে উল্টো দিকে ঘুরিয়ে দিতে চেয়েছে। তবে যড়যন্ত্রকারীদের সেই অপচেষ্টা সফল হয়নি। আজকের বাংলাদেশ তার প্রমাণ।

সংগঠনের সভাপতি প্রফেসর অ.দুল আমান চৌধুরীর সভাপতিত্বে আরো বক্তব্য দেন খালিদ মাহমুদ চৌধুরী এমপি, জাতীয় প্রেসক্রাবের সভাপতি মো. শফিকুর রহমান, সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু প্রমুখ।